**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**9 JUNE 2024** **7:45—7:55 PM IST**

==========================================================================

১) কেন্দ্রে নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের আজ তৃতীয়বারের মতো শপথগ্রহণ । বেশ কয়েকটি দেশের শীর্ষ নেতা ও রাষ্ট্রপ্রধানগণ শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত।

২) নবগঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভায় প্রধানমন্ত্রী সহ ৩০ জন কেবিনেট ও ৩৬ জন প্রতিমন্ত্রীর শপথগ্রহণ । কেবিনেটে উত্তর-পূর্বের দুজন মন্ত্রী অর্ন্তভুক্ত ।

৩) এম বি বি এস পাঠ্যক্রমে ভর্তির প্রবেশ পরীক্ষা নিটে গাফিলতির অভিযোগের বিষয়টি পর্যালোচনা করতে চার সদস্যের কমিটি গঠন ।

৪) কাছাড়-মণিপুর সীমান্তের জিরিবাম জেলায় বিগত কয়েকদিন ধরে চলতে থাকা গোষ্ঠী সংঘর্ষের পরিপ্রেক্ষিতে এই জেলায় অনির্দিষ্টকালীন কার্ফিউ অব্যাহত ।

---

অষ্টাদশ লোকসভা নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা প্রাপ্ত এন ডি এ মিত্রজোট আজ সন্ধ্যায় নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রে তৃতীয়বারের জন্য সরকার গঠন করেছে । নতুনদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু বিজেপির প্রবীণ নেতা নরেন্দ্র মোদী এবং তাঁর নতুন মন্ত্রীসভার সদস্যদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । আজ সন্ধ্যে সাতটা পনেরো মিনিটে শুরু হওয়া লাগাতর তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে কার্যভার গ্রহণ করা শ্রী মোদীর এই শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রতিবেশী দেশগুলি ও ভারত মহাসাগর অঞ্চলের বহু নেতা ও রাষ্ট্রপ্রধানগণ উপস্থিত হয়েছেন । শ্রীলঙ্কার রাষ্ট্রপতি রণিল বিক্রমসিংঘে, মালদ্বীপের রাষ্ট্রপতি ডঃ মোহম্মদ মুইজ্জু, সিসিলি'র উপ-রাষ্ট্রপতি আহমেদ আফিফ, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মরিশাসের প্রধানমন্ত্রী প্রবীন্দ কুমার জগনৌথ, নেপালের প্রধানমন্ত্রী পুষ্পকমল দাহাল প্রচন্ড এবং ভূটানের রাষ্ট্রপতি শেরিং টোবগে আজকের এই শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

এছাড়া উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়, কংগ্রেস নেতা মল্লিকার্জুন খার্গে, বিহারের মুখ্যমন্ত্রী ও জে ডি ইউ সভাপতি নীতিশ কুমার, অন্ধ্র প্রদেশের মুখ্যমন্ত্রী এন. চন্দ্রবাবু নাইডু, মণিপুরের মুখ্যমন্ত্রী এন. বীরেন সিংহ সহ বেশকয়েকজন মুখ্যমন্ত্রী এবং দেশের প্রথমসারির ব্যক্তিত্বরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

আজ কেবিনেট মন্ত্রী হিসেবে যারা শপথ গ্রহণ করেছেন তারা হলেন রাজনাথ সিং , নীতিন গাডকারী , অমিত শাহ , জগৎ প্রকাশ নাড্ডা , শিবরাজ সিং চৌহান , নির্মলা সীতারমন , এস জয়শংকর , মনোহরলাল খট্টার , এস ডি দেবেগৌড়া কুমারাস্বামী , পীযুষ ওম প্রকাশ গোয়েল , ধর্মেন্দ্র প্রধান , জীতেনরাম মাঝি , রাজীব রঞ্জন সিংহ , বীরেন্দ্র কুমার , তেলেগু দেশম পার্টীর রাম মোহন নাইডু , প্রহ্লাদ যোশী , জুয়েল ওরাং , গিরিরাজ সিং , অশ্বিনী বৈষ্ণ , জ্যোতিরাদিত্য মাধবরাও সিন্ধিয়া , ভুপেন্দ্র যাদব , গজেন্দ্র সিং শেখাওয়াত , অন্নপূর্ণা দাবী , হরদীপ সিং পুরী , মনসুখ মান্ডভিয়া , জি কিশান রেড্ডি , লোক জনশক্তি পার্টীর চিরাগ পাশোয়ান এবং সি আর পাটিল ।

উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য গুলির মধ্যে আসাম থেকে **সর্বানন্দ সনোয়াল** এবং অরুণাচল প্রদেশ থেকে **কিরেন রিজিজু** কেবিনেট মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন । **এছারা পবিত্র মারগেরিটা প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন।** মোট ৪১ জন প্রতিমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন ।

---

উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জওহরলাল নেহেরুর পর প্রথম প্রধানমন্ত্রী যিনি টানা তৃতীয়বারের মতো এই পদের দায়িত্ব পেয়েছেন । শ্রী মোদী প্রথম প্রধানমন্ত্রী যিনি স্বাধীনতার পর জন্মগ্রহণ করেন । ২০১৪ সাল থেকে তিনি একটানা দুবার প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন । এছাড়া ২০০১ সালের অক্টোবর মাস থেকে ২০১৪ সালের মে মাস পর্যন্ত সবচেয়ে দীর্ঘসময়ের জন্য গুজরাটের মূখ্যমন্ত্রী হিসেবে কার্যনির্বাহ করেন । জীবনের প্রথম পর্যায়ে শ্রী মোদী রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সদস্য হিসেবে কাজ করেন এবং পরে রাজ্য ও জাতীয় স্তরে বি জে পির সদস্য হিসেবে রাজনৈতিক কর্মকান্ড চালিয়ে যান ।গুজরাট বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী প্রাপ্ত শ্রী মোদী সব কা সাথ ,সব কা বিকাশ ,সব কা বিশ্বাস এই লক্ষ্যে সুশাসন ,উন্নয়নমূলক বিভিন্ন কাজকর্ম ,দুর্নীতিমুক্ত প্রশাসন রূপায়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন ।

---

উত্তরপূর্বাঞ্চলকে দেশের মূল স্রোতের সঙ্গে একাত্ম করে তোলার জন্য নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার ২০১৪ সাল থেকে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে । এবং নতুন সরকার এই প্রচেষ্টা অব্যাহত রাখবে । আকাশবাণী গুয়াহাটি কেন্দ্রের আঞ্চলিক সংবাদ বিভাগের 'দৃষ্টিপাত' অনুষ্ঠানে 'মোদীর তৃতীয় কার্যকাল' বিষয়ক আলোচনায় অংশ নিয়ে বিজেপির রাজ্য পর্যায়ের মুখমাত্র মনোজ বরা একথা জানান । বিদ্রোহী সংগঠনগুলির সঙ্গে শান্তি আলোচনা অব্যাহত থাকার বিষয়ে উল্লেখ করে তিনি বলেন যে- আসামের চারটি জেলা ছাড়াও অন্যান্য জেলায়ও সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন বাতিল করা হয়েছে । তৃতীয় বারের জন্য নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকারকে নির্বাচিত করার জন্য ভোটদাতাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে শ্রী বরা বলেন যে- এইবারের নির্বাচনে বিজেপি সহ এন ডি এ মিত্রজোটের আঞ্চলিক দলগুলির শক্তিশালী উত্থান পরিলক্ষিত হয়েছে বলেও তিনি মন্তব্য করেন । বিজেপির কল্যাণকামী পদক্ষেপসমূহ ধর্মীয় সংখ্যালঘু সহ সকল শ্রণীর লোকেদের উপকৃত করেছে বলে উল্লেখ করে শ্রী বরা বলেন যে- করিমগঞ্জ লোকসভা আসনে জয়ের বিষয়টি বিজেপির সংখ্যালঘু শ্রেণীর প্রতি সমর্থনকেই বোঝায় ।

---

কংগ্রেস সংসদীয় দলের সভানেত্রী শ্রীমতী সোনীয়া গান্ধী বলেছেন যে সংসদে দলের সদস্য সংখ্যা যথেষ্ট বৃদ্ধি পেয়েছে । নতুন দিল্লীতে আজ সংসদীয় দলের বৈঠককে সম্মোধন করে শ্রীমতী গান্ধী এ কথা বলেন । তিনি বলেন যে লোকসভায় কংগ্রেস সহ আই এন ডি আই মিত্র জোটের শক্তি উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে । ভারত জোড়ো যাত্রা এবং ভারত জোরো ন্যায় যাত্রার মত ঐতিহাসিক পদক্ষেপের ফলে কংগ্রেস দলকে পুনরুজ্জীবিত করে তুলেছে বলেও তিনি উল্লেখ করেন ।

উল্লেখ্য যে গতকাল প্রবীন কংগ্রেস নেত্রী সোনীয়া গান্ধীকে সর্বসম্মতিক্রমে কংগ্রেস সংসদীয় দল ( সি পি পি )র সভানেত্রী নির্বাচিত করা হয়েছিল ।

---

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রনালয় চিকিৎসা বিজ্ঞান স্নাতক পাঠ্যক্রমে নামভর্তীর জন্য আয়োজিত জাতীয় যোগ্যতা নির্ণায়ক প্রবেশ ( নিট ) পরীক্ষায় ১ হাজার ৫শো জনের অধিক পরীক্ষার্থীদের গ্রেস মার্ক প্রদান করার বিষয়টি পর্যালোচনা করার জন্য ৪ সদস্য বিশিষ্ট একটি সমিতি গঠন করেছে । সাংবাদিক সম্মেলনে এ কথা জানিয়ে জাতীয় পরীক্ষণ সংস্থার সঞ্চালক প্রধান সুবোধ কুমার সিং বলেছেন যে ইউ পি এস সি-র একজন প্রাক্তন অধ্যক্ষের নেতৃত্বে এই সমিতি গঠন করা হয়েছে । এন টি এ প্রধান আরো জানান যে সমিতি আগামী এক সপ্তাহের মধ্যে এ সম্পর্কে রিপোর্ট পেশ করবে এবং এর পর নিদৃষ্ট ওইসব পরীক্ষার্থীর বর্তমান ফলাফল সংশোধন করার সম্ভাবনা রয়েছে । গত চৌঠা জুন এই পরীক্ষার ফল ঘোষণা করার পর পরীক্ষার্থীরা একাধিক সমস্যার অভিযোগ উত্থাপন করা সহ নতুন করে এই পরীক্ষা অনুষ্ঠিত করার দাবী জানিয়েছে । বহু পরীক্ষার্থী বিষয়টির উপযুক্ত বিচার চেয়ে আদালতে হাজির হয়েছে ।

---

মণিপুরের জিরিবাম জেলায় বর্তমানে চলতে থাকা অস্থির পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সেই জেলায় বলবৎ করা অনির্দিষ্টকালীন কার্ফিউ আজও বহাল রয়েছে । জেলাটির আইন শৃঙ্খলা রক্ষায় অতিরিক্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে । নিরাপত্তা বাহিনীর জওয়ানরা জেলায় পায়ে হেঁটে টহল দিচ্ছে । এবং গোষ্ঠী সংঘর্ষ এড়াতে জেলার স্পর্শকাতর এলাকাগুলিতে তল্লাশি চালানো হচ্ছে । উল্লেখ্য- কাছাড়-মণিপুর সীমান্তে মণিপুরের জিরিবাম জেলায় ধারালো অস্ত্রের আঘাতে নিহত এক কৃষকের মৃতদেহ আবিষ্কারের পর থেকেই এই অশান্তির সূত্রপাত হয় । এর পরিপ্রেক্ষিতে জিরিবামের জেলা ম্যাজিস্ট্রেট গত বৃহস্পতিবার রাত থেকে সেখানে কার্ফিউ জারী করেছে । দুষ্কৃতকারীরা কিছু বাড়িঘর জ্বালিয়ে দিয়েছে এবং সরকারি সম্পত্তি বিনষ্ট করেছে । হিংসায় ক্ষতিগ্রস্ত গ্রামগুলির বাসিন্দারা সরকারের তৈরি করা ত্রাণ শিবিরে আশ্রয় গ্রহণ করেছেন । এদিকে জিরিবাম জেলার নতুন পুলিশ সিনিয়র পুলিশ সুপার এবং এই থানার ও সি দায়িত্বভার গ্রহণ করেছেন । এবং জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন । পুলিশ জানিয়েছে যে-জেলায় স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে তারা সবধরণের পদক্ষেপ গ্রহণ করছে ।

---

দক্ষিণ-পশ্চিম মৌসুমী প্রবাহের প্রভাবে দেশের অন্যান্য কয়েকটি রাজ্যের সঙ্গে আসাম , মেঘালয় , অরুণাচল প্রদেশ , মনিপুর , মিজোরাম , ত্রিপুরা ও সিকিমে আগামী এক সপ্তাহ মাঝারী থেকে কিছু কিছু স্থানে বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । ওই সময় ঘন্টায় ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ারও সম্ভাবনা রয়েছে বলে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান দপ্তর সূত্রে জানানো হয়েছে ।

---

কাবুগঞ্জ জনতা কলেজের হীরক জয়ন্তী সমারোহ আগামী ২২ ও ২৩শে জুন বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে উদযাপন করা হবে। ঐতিহ্যবাহী এই কলেজটির ষাট বছর পূর্তি উপলক্ষে এই উৎসব আয়োজনের বিস্তারিত রূপরেখা তৈরি করার উদ্দেশ্যে আজ কলেজ প্রাঙ্গণে অধ্যক্ষ ডঃ দেবাশিস পালের পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । কলেজটির শিক্ষক-অশিক্ষক কর্মচারী, প্রাক্তনী সমিতির পদাধিকারী সদস্য, সদস্যা সহ কলেজের ছাত্রছাত্রী ও শুভানুধ্যায়ীরা এই বৈঠকে বিষয়টি নিয়ে প্রয়োজনীয় পরামর্শ দেন ।

---

আসাম সরকারের ভাষিক সংখ্যালঘু উন্নয়ন বোর্ড কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩ তম জন্মজয়ন্তী উপলক্ষ্যে রাজ্য জুড়ে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করেছে ।এই কার্যসূচীর অধীনে আজ হাইলাকান্দি জেলায় রবীন্দ্র নৃত্য ও রবীন্দ্র সঙ্গীত প্রতিযোগীতা অনুষ্ঠিত হয় । বিভিন্ন বয়সের প্রায় দুশোরও অধিক প্রতিযোগী এই প্রতিযোগীতায় অংশগ্রহণ করে । বিজয়ী প্রতিযোগীরা আগামী ১৯ থেকে ২২ জুন গৌহাটীর শংকরদেব কলাক্ষেত্রে অনুষ্ঠেয় রবীন্দ্র জয়ন্তীর কেন্দ্রীয় অনুষ্ঠানে হাইলাকান্দি জেলা থেকে প্রতিনিধিত্ব করবে ।এই অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা উপস্থিত থাকবেন । রাজ্যের ১৯ টি জেলার শিল্পীরা রবীন্দ্র সঙ্গীত ও নৃত্য পরিবেশনের মাধ্যমে কবিগুরুকে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করবে ।

---